ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন

বিশ্বজুড়ে আলোচিত টিভি সিরিজ ‘ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন। (০৫ আগস্ট) ক্যালিফোর্নিয়ায় মৃত্যুবরণ করেন এই অভিনেতা।

বার্ধক্যজনিত কারণেই গুলাগারের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে তার পরিবার। মৃত্যুকালে এই অভিনেতার বয়স হয়েছিল ৯৩ বছর। ক্লু গুলাগারের মৃত্যুর খবরটি সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন তার জামাতা দিয়ানে গোল্ডনার।

প্রায় সাত দশকের দীর্ঘ ক্যারিয়ারে ১৬৫টি টিভি সিরিজ ও সিনেমায় অভিনয় করেছেন গুলাগার। ‘ম্যাকগাইভার’- তীর চরিত্রের নাম ছিল ‘ওয়াল্ট কিরবি’। এছাড়াও তিনি ‘দ্য ভার্জিনিয়ান’ ও ‘দ্য রিটার্ন অব লিভিং ডেড’সহ বেশ কয়েকটি সিরিজ ও চলচ্চিত্রে অভিনয়ের জন্য আলোচিত ছিলেন।

বাংলাদেশ টেলিভিশনে ‘ম্যাকগাইভার’ দুইবার প্রচারের সুবাদে এ দেশের দর্শকের কাছেও আলাদা পরিচিতি পেয়েছিলেন গুলাগার।

পঞ্চাশের দশকে অভিনয় শুরু করেছিলেন গুলাগার। তাকে সবশেষ ২০১৯ সালে মুক্তিপ্রাপ্ত কোয়েন্টিন টারান্টিনোর ‘ওয়ানস আপন আ টাইম’ সিনেমায় দেখা গেছে গুলাগারকে।

জেনিফার লরেন্সের আজ বিয়ে

অস্কারজয়ী মার্কিন অভিনেত্রী জেনিফার লরেন্সের আজ বিয়ে। বর কুক ম্যারোনি নিউ ইয়র্কের একটি আর্ট গ্যালারির মালিক। যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটসের নিউপোর্টে ১২৫ বছরের পুরনো একটি বাড়িতে হচ্ছে অনুষ্ঠান।

জানা গেছে, বিয়েতে দুই পরিবারের ঘনিষ্ঠ দেড় শ অতিথিকে নিমন্ত্রণ

করা হয়েছে। তবে এদের মধ্যে চলচ্চিত্রজগতের কারা আছেন সেটা জানা যায়নি। গেল বছরের জুনে ৩৪ বছর বয়সী ম্যারোনির সঙ্গে প্রেম হয় লরেন্সের।

অভিনেত্রীর ঘনিষ্ঠ এক সূত্র জানিয়েছে, শিল্প-সাহিত্য ও সিনেমার প্রতি দুজনের আগ্রহের কারণেই দ্রুত তাঁদের সম্পর্ক গড়ে ওঠে। প্রেমের বয়স এক বছর হওয়ার আগেই এ বছরের ফেব্রুয়ারিতে দুজনের বাগদান হয়। তখন এক সাক্ষাৎকারে ২৯ বছর বয়সী অভিনেত্রী বলেছিলেন, ‘আমার দেখা সেরা মানুষ ম্যারোনি।’ তবে এরপর বিয়ে নিয়ে লরেন্স বা ম্যারোনি কেউই আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেননি।

– ইন্টারনেট অবলম্বনে